দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা ৮ কলাম ৩

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদ

শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো যেন সুন্দরভাবে পরিচালিত হয় সেজন্য ব্যবস্থাপনা পরিষদ ব্যবস্থা চালু আছে; এতে প্রতিষ্ঠান প্রধানদের জবাবদিহিতার মুখোমুখি হতে হয়। কিন্তু কমিটির মেয়াদ শেষ হলেও নতুন কমিটি গঠনের ব্যাপারে প্রচারণা না চালিয়ে ও মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন শেষ মুহূর্তে নোটিস টানিয়ে দিয়ে এর বৈধতা প্রমাণের চেষ্টা করা হয়। এমন অনেক প্রতিষ্ঠান আছে, যারা গোপনীয়তার সঙ্গে মনোনয়নপত্রের টাকা নিজেরা দিয়েই সিলেকশনের ব্যবস্থা করে কমিটি গঠন করে ফেলে। অনেক প্রতিষ্ঠান আছে, দীর্ঘদিন পার হলেও ইলেকশনের মাধ্যমে কমিটি নির্বাচিত হয়নি শুধুমাত্র প্রতিষ্ঠান প্রধানদের স্বীয় স্বার্থের কারণে। তাই প্রতিষ্ঠানের কল্যাণে উপরোক্ত বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশু প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিনীত আবেদন জানাচ্ছি।

মেহরীন বিনতে মনির,
দক্ষিণগাঁও, আড়ালবাজার, কাপাসিয়া,গাজীপুর